

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : ৯ম

বিষয় : কৃষি শিক্ষা (সৃজনশীল)

বিষয় কোড		
১	৩	৪

সময় — ২ ঘন্টা ৩৫ মিনিট

পূর্ণমান — ৫০


[বিশেষ দ্রষ্টব্যঃ — ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৮টি প্রশ্ন থাকবে। ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রত্যেকটি প্রশ্নের মান ১০।]

- ১। কাজীহাট গ্রামের এবার বৃষ্টিপাত অনেক কম হয়েছে। কৃষকেরা পর্যাপ্ত সেচ সুবিধাও পাচ্ছে না। এ নিয়ে তারা উপসহকারী কৃষি কর্মকর্তার (SAAO) সাথে পরামর্শ করলেন। উপ-সহকারী কৃষি কর্মকর্তা তাদের এ প্রতিকূল পরিবেশ চাষের জন্য উপযুক্ত ফসল নির্বাচন, সেচ ব্যবস্থার কিছু বিকল্প উপায় ও পানি সংরক্ষণের উপায় সম্পর্কে বললেন।
 - ক) IPCC এ অর্থ কী? ১
 - খ) ব্রি ধান-৫৫ এর দুটি বৈশিষ্ট্য লেখ। ২
 - গ) পানি সংরক্ষণে কাজীহাট গ্রামের কৃষকদের গৃহীত উপায়টি ব্যাখ্যা কর। ৩
 - ঘ) কাজীহাট গ্রামের কৃষকদের কি ধরনের ফসল চাষের তুমি পরামর্শ দিবে বর্ণনা কর। ৪
- ২। করিমের বাড়ি খরা প্রবণ এলাকায় হওয়ায় তার খামারে পশুপাখি উৎপাদনে নানা সমস্যার পড়েন। খরায় গবাদিপশুর খাদ্য সরবরাহ সংকট ও রোগব্যাধির তীব্রতা বৃদ্ধি পায়। এমতাবস্থায় উপজেলায় পশু কর্মকর্তার পরামর্শে এই খরা পরিবেশ পশুপাখির অভিযোজন কৌশল কাজে লাগিয়ে খামারটি লাভে মুখ দেখেন।
 - ক) বন্যা সহিষ্ণু দু'টি আখের জাতের নাম লিখ। ১
 - খ) বৃষ্টি হলে লবণাক্ততা কমে যায় কেন? ২
 - গ) করিমের খামারটি পশুপাখি পালনে যে সমস্যা দেখা দিয়েছে তা ব্যাখ্যা কর। ৩
 - ঘ) উপজেলা পশু কর্মকর্তা সমস্যা সমাধানে যে পরামর্শ দেন তা যথার্থতা মূল্যায়ন কর। ৪
- ৩। বাংলাদেশে খরা প্রবণ অঞ্চলে ফসল চাষে কৃষি বিজ্ঞানীরা খরা পরিহারে সক্ষম ফসলে জাত উদ্ভাবন করেছেন। যেমন: শিম, সয়াবিন, জোয়ার ইত্যাদি। আবার লবণাক্ত পরিবেশে চাষের জন্য উদ্ভাবিত জাতগুলো কোষরসের ঘনত্ব বাড়িয়ে লবণাক্ত মাটিতে বেঁচে থাকতে পারে। এসব জাত উদ্ভাবনের ফলে খরা ও লবণাক্ত জমিতে ফসল চাষ নিশ্চিত হচ্ছে।
 - ক) উদ্ভিদের অভিযোজন কী? ১
 - খ) লবণাক্ত মাটিতে চাষকৃত ফসলের কোষ গহবর বড় হওয়ার প্রয়োজন কেন? ২
 - গ) কৃষি বিজ্ঞানীদের উদ্ভাবিত জাতগুলো খরা এলাকায় অভিযোজনের কৌশল ব্যাখ্যা কর। ৩
 - ঘ) লবণাক্ত জমিতে ফসল চাষে উদ্ভাবিত জাতের অভিযোজন কৌশলের যথার্থতা নিরূপণ কর। ৪
- ৪। বৈশ্বিক উষ্ণায়নের কারণে জলবায়ুতে নানা ধরনের পরিবর্তন বাংলাদেশে লক্ষ করা যাচ্ছে। এর ফলে বাংলাদেশে লম্বা সময় যাবৎ খরার ও উপস্থিতি লক্ষ করা যাচ্ছে যার ফলে ফসল উৎপাদনে ব্যাপক ক্ষতি হচ্ছে।
 - ক) জলবায়ু পরিবর্তনের অন্যতম কারণ কী? ১
 - খ) বন্যা পরিস্থিতিতে কী কী ধরনের সমস্যা দেখা দেয়? ২
 - গ) উদ্ভীপকে আলোকিত সমস্যা ফসর উৎপাদনের কী প্রভাব ফেলছে ব্যাখ্যা কর। ৩
 - ঘ) এ ধরনের সমস্যা সহ্যকরণে গাছ নিজ থেকে যেসব কলাকৌশল গ্রহণ করে তা বর্ণনা কর। ৪
- ৫। মিরাজ সাহেব এ বছরই প্রথম তার ১ হেক্টর জমিতে পাটের চাষ করেছে। যথাযথ পদ্ধতি অবলম্বনের কারণে পাটের ফলনও ভালো হয়েছে। যখন তার পাটক্ষেতে গাছ গুলোতে ফুল আসা শুরু করল তখন সে পাটগুলো কেটে জাগ দেওয়ার জন্য আঁটি বাঁধল।
 - ক) পাটের একটি দেশি জাতের নাম লেখ। ১
 - খ) পাটের কান্ড পাঁচা রোগের ২টি লক্ষণ লেখ। ২
 - গ) মিরাজ সাহেব পাট কাটা পরবর্তী কাজটি কীভাবে করবে ব্যাখ্যা কর। ৩
 - ঘ) গুনগতমান সম্পন্ন পাটের আঁশ পেতে মিরাজ সাহেবের জন্য আঁশ সংগ্রহের সর্বোত্তম পদ্ধতি বর্ণনা কর। ৪
- ৬। সুমনের বাড়ী পঞ্চরপুকুর গ্রামে যে একটি গাভী পালন করে। গাভীটি গর্ভবতী হলে সুমন গাভীটির প্রতি বিশেষ যত্ন দেওয়া শুরু করে। কিন্তু প্রসবকালীন সময়ে সঠিকভাবে লক্ষ না রাখায় জন্মানো বাছুরটি মারা যায়।

- ক) গাভীকে দৈনিক কত কেজি কাচা ঘাস দিতে হবে?
 খ) গর্ভকালীন সময়ে গাভীর বিশেষ যত্ন দেওয়া উচিত কেন?
 গ) সুমনের বাছুরটি মারা যাওয়ার কারণ উল্লেখ কর।
 ঘ) সুমনের ভুল থেকে শিক্ষা নিয়ে নির্বিঘ্নে বাছুর প্রসব করানোর জন্য তোমার পরামর্শ দাও।

১
২
৩
৪

৭।



- ক) খরা প্রতিরোধ কাকে বলে?
 খ) খরা অবস্থা বলতে কী বোঝায়?
 গ) উদ্দীপকের A অবস্থায় ফসল বেঁচে থাকার কৌশলটি সুনির্দিষ্ট উদাহরণের সাহায্য ব্যাখ্যা কর।
 ঘ) উদ্দীপকের B অবস্থাটি বিশ্লেষণ কর।
- ৮। করিম সাহেব তার বাড়ির চারপাশের খালি জায়গাতে গাছ লাগানোর সিদ্ধান্ত নিলেন। এ ব্যাপারে বিদ্যালয়ে কৃষি শিক্ষকের সাথে আলোচনা করলেন শিক্ষক অন্যান্য গাছের সাথে কিছু ঔষধি গাছ লাগানোর পরামর্শ দেন। পরামর্শ অনুযায়ী করিম সাহেব বাজার থেকে অন্যান্য গাছের সাথে কালো মেঘ, বাসক, অর্জুন ও আমলকির চারা কিনে আনেন।
- ক) ঔষধি উদ্ভিদ কী?
 খ) নিম্ন গাছের পাতা ও দুর্বাঘাসের ঔষধি গুণ ব্যাখ্যা কর।
 গ) করিম সাহেবের কেনা ঔষধি উদ্ভিদ গুলোর ভেষজ গুণাগুণ লেখ।
 ঘ) “ভেষজ উদ্ভিদ সব মানুষের চিকিৎসা সহায়ক”-বিশ্লেষণ কর।

১
২
৩
৪
১
২
৩
৪